

ওভারব্রিজে আটকে গেল উড়োজাহাজ

- A Monitor Desk Report

Date: 02 April, 2024



ঢাকা: ট্রাকে করে নিয়ে যাওয়ার সময় রাজধানীতে ফুটওভার ব্রিজে নৌবাহিনীর একটি উড়োজাহাজ আটকে যায়।

রবিবার (৩১ মার্চ) রাত সোয়া ১০টার দিকে বিএএফ শাহীন কলেজের গেটের সামনের সড়কে এই ঘটনা ঘটে। পরে উড়োজাহাজটির লেজ কেটে বের করা হয়। এর দুই ডানা আগেই খুলে ট্রাকে তোলা হয়েছিল। এ সময় বিজয় সরণি থেকে মহাখালী অভিমুখী যানবাহনগুলো আটকা পড়ে।

জানা গেছে, ফুটওভার ব্রিজে আটকেপড়া উড়োজাহাজটি নীল-সাদা রঙের ডরনিয়ার ২২৮ টার্বোপ্রপ উড়োজাহাজ। ২০১৩ সালে নৌবাহিনীতে যুক্ত হওয়া দুটি মেরিটাইম পেট্রল এয়ারক্র্যাফটের এটি একটি। পুরনো এ উড়োজাহাজটিকে বড় ট্রাকে করে নিয়ে যাওয়ার সময় এমন বিপত্তি ঘটে।

বিএএফ শাহীন কলেজের নিরাপত্তাকর্মী মো. ওয়াহিদ জানান, আধাঘণ্টার বেশি সময় উড়োজাহাজটি আটকে ছিল। এ সময় ট্রাফিক পুলিশের সদস্যরা এর পাশ দিয়ে যান চলাচলের ব্যবস্থা করেন।

-B